

গ) “এবং মাত্র দশ বছর পর যখন তাঁর মৃত্যু ঘটে তখন ‘শেষ লেখা’তেও সেই দীক্ষা গ্রহণের পালাই চলছিল।”

—প্রাবন্ধিক কোন ‘দীক্ষা গ্রহণের’ কথা বলেছেন? তাঁর মতে কাব্য স্থাপত্যের অত্যন্ত প্রয়োজনে ‘কবি-স্থপতির’ আরো কত বছর বেঁচে থাকার দরকার ছিল? প্রাবন্ধিকের এই সিদ্ধান্তের মূলে যে ভাবনা কাজ করেছে তা সংক্ষেপে ব্যক্ত করো।

ঘ) রবীন্দ্র কাব্যাদর্শ সম্পর্কে প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুবের মত কী ছিল — ‘আধুনিকতা ও রবীন্দ্রনাথ’ প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

539/Beng(C)O.S

UG/5th Sem/BNGH-DSE-T-1/25

২০২৫

বাংলা

(অনার্স)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGH-DSE-T-1

(সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)

[CBCS]

(পুরাতন পাঠক্রম)

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) অলঙ্কার শাস্ত্রে ‘বক্রোক্তি’ কয় প্রকার ও কী কী?

খ) আচার্য কুন্তকের মতে কাব্যের প্রাণ কী?

গ) ক্লাসিক সাহিত্যের জন্ম কোথায় হয়? ইংরেজি সাহিত্যের দু’জন ক্লাসিক কবির নাম লেখো।

ঘ) নব্যক্লাসিক যুগ বা Neoclassic age হিসাবে কোন সময়কালকে ধরা হয়? ‘ক্লাসিক’ শব্দের অর্থ লেখো।

ঙ) কাব্যসত্য বা সাহিত্যের সত্য সম্পর্কে রবীন্দ্রনাথের মন্তব্য কী ছিল?

- চ) বাংলা সাহিত্যে কোন কবির কবিতায় সর্বপ্রথম 'সুরিয়ালিজম' দেখা যায়? তাঁর লেখা একটি কবিতার নাম লেখো।
- ছ) বাংলা সাহিত্যে 'সুরিয়ালিজম'-এর প্রভাব কোন্ কবির মধ্যে সবচেয়ে বেশি দেখা যায়? 'সুরিয়ালিজম' শব্দের বাংলা প্রতিশব্দ কী?
- জ) বাংলা সাহিত্যে 'ন্যাচারালিজম' ভাবনার চারজন সাহিত্যিকের নাম লেখো।
- ঝ) কোন্ কোন্ 'কবিওয়াল'-র রচনা গীতিকবিতা হিসাবে অতি সুন্দর বলে বঙ্কিমচন্দ্র মনে করেন?
- ঞ) প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুব কি রবীন্দ্রনাথ সম্পর্কে বুদ্ধদেব বসুর ভাবনাকে সমর্থন করেছেন?
- ট) 'সে ঝড়ের মেঘের বিদ্যুৎ' - সে কে? তার প্রকৃতি কেমন?
- ঠ) "রক্তকরবী তার রঙমশাল" — কী সূত্রে একথা বলা হয়েছে?
- ড) "আমি এই বাণীর পছাতেই আমার গদ্য ও পদ্য রচনাকে চালনা করতে পেরেছি।" — উদ্ধৃত বাক্যের উৎস নির্দেশ করো। 'বাণীর পছা' বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন?
- ঢ) ঔচিত্যবাদের প্রতিষ্ঠাতা কে? তিনি তাঁর লেখা কোন্ গ্রন্থে এই বিষয়ে আলোকপাত করেন?
- ণ) আনন্দবর্ধন কত রকমের রীতির কথা বলেছেন? সেগুলি কী কী?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

- ক) 'রীতিবাদে'র জনক কে? 'রীতিবাদ' সম্পর্কে তাঁর বক্তব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- খ) কাব্যসত্য বা সাহিত্যের সত্য সম্পর্কে রবীন্দ্রনাথের মন্তব্য কী ছিল? সংক্ষেপে আলোচনা করো।
- গ) 'ঔচিত্যবাদ'-এর স্বরূপ স্পষ্ট করো।
- ঘ) বাংলা সাহিত্যে বিষ্ণু দে ও শক্তি চট্টোপাধ্যায়ের সুরিয়ালিজম লক্ষণাক্রান্ত দুটি করে কবিতার নাম লেখো এবং এঁদের লেখা যে কোনো একটি কবিতায় কীভাবে পরাবাস্তবতাবাদের প্রকাশ ঘটেছে তা সংক্ষেপে আলোচনা করো।
- ঙ) 'অথবা বলা উচিত সৌধরচনাই অসমাপ্ত রয়ে গেল কবির মৃত্যুকালে'—সপ্রসঙ্গ বিষয়টি বিস্তারিত করো।
- চ) 'কিন্তু তাঁর কাব্যের এই মূল উৎস কখনও শুকিয়ে যায়নি' — কার সম্পর্কে এমন মন্তব্য করা হয়েছে? প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য ব্যাখ্যা করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- ক) দর্শনের 'Realism' এবং সাহিত্যের 'Realism' কি এক? 'বাস্তবতা' কখন সাহিত্য পদবাচ্য হয়ে ওঠে — বিষয়টি বিস্তারিত করো।
- খ) 'ক্লাসিসিজম'-এর বৈশিষ্ট্য বা লক্ষণ সম্পর্কে আলোচনা করো।